



# বাংলাদেশ গার্ল গাইডস് এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৮৮৩১৫৫০১, ৮৮৩১৫৫৯২



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২২-১৮১৭

তারিখ : ২৫/১২/২০২২

## বরাবর

প্রধান বার্তা সম্পাদক/ মুখ্য বার্তা সম্পাদক/ প্রধান বার্তা পরিচালক/ বার্তা পরিচালক/বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টা

## প্রেস রিলিজ

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের ‘৯ম জাতীয় ঝাঁক অবকাশ-২০২২’ গাজীপুর জেলার কালিয়াকৈর বাড়ই পাড়াষ্ট এসোসিয়েশনের নিজস্ব ক্যাম্প এলাকায় ২০ হতে ২৫ ডিসেম্বর পর্যন্ত ৫দিন ব্যাপী অনুষ্ঠিত হয়। এবারের মর্মবাণী : ‘হাতে হাতে করি কাজ, গড়ে তুলি দেশকে আজ’।

২১ ডিসেম্বর, বুধবার ঝাঁক অবকাশের উদ্বোধন করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের এবং অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

ঝাঁক অবকাশ কর্মসূচির মধ্যে ছিলো বৃত্তের গান, ষষ্ঠকের গান, ঝাঁকের বাসা গুছানো, বুলোটিন বোর্ড সাজানো, গান শেখা, লঞ্চ যাত্রা, বিভিন্ন নট শেখা, কম্পাসের চারটি দিক সম্বন্ধে জ্ঞান, প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ, স্টপ দি ভায়োল্যান্স ঘোষক প্রশিক্ষণ, রাস্তা চলাচলে সংকেত জানা ও মানা বিষয়ক সেশন, হলদে পাখিদের সাথে পরিচয় ও বন্ধুত্ব, গাইড সম্বন্ধে জানা, নিজ জেলা ও বাংলাদেশ সম্বন্ধে জানা, গাছ লাগানো, নিজের বাসা গোছানো, সাহায্য করা, নিজের স্বাস্থ্য সম্পর্কে সচেতন, পরিষ্কার পরিচ্ছন্নতা ও নন্দন পার্ক ভ্রমণ।

২৪ ডিসেম্বর, শনিবার সকাল ১১:০০ টায় ঝাঁক অবকাশের র্যান্ডেল অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের সচিব জনাব মোঃ মামুন-আল-রশীদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের এবং অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ কামরুজ্জামান, উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, গাজীপুর, ডাঃ মোঃ আল-বেলাল, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ (প্রোগ্রাম)। স্বাগত বক্তব্য দেন বেলারাণী সরকার, হলদে পাখি কমিশনার, ধন্যবাদ দেন চাঁদ সুলতানা, ক্যাম্প কমিশনার।

এবারে লঞ্চ যাত্রা নিয়ে আয়োজিত ঝাঁক অবকাশে এসোসিয়েশনের রাজধানী, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, কুমিল্লা, সিলেট, রংপুর ও ময়মনসিংহ এই দশটি অঞ্চলের উপজেলা, জেলার বিভিন্ন

প্রাথমিক স্কুলের ৭ হতে ৮ বছর বয়সের হলদে পাখি, হলদে পাখি গাইডার, কমিশনার, স্থানীয় ও জেলা এসোসিয়েশনের গাইড সদস্য, রেঞ্জার, ট্রেইনার, অফিস স্টাফ সহ তিন শতাধিক অংশ গ্রহণ করে।

জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগমের তত্ত্বাবধানে জাতীয় ক্যাম্প সাইটের অবকাঠামোর উন্নয়ন ও নান্দনিক শোভা বর্ধনের ফলে হলদে পাখিদের অংশগ্রহণ ছিল স্বতঃস্ফূর্ত।



**সাবিনা বেগম**  
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা  
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন